

Homelessness Services in Tower Hamlets



This resource explains our Advice & Support services in: Bengali **বাংলা**

আমাদের সহায়তা প্রয়োজন - বাংলা

প্রভিডেন্স রো বছরে পূর্ব লন্ডনের ১৩০০-রও বেশি জনসাধারণের সাথে কাজ করে, পরিষেবাগুলি মধ্যে রয়েছে সঙ্কট কালীন সহায়তা, পরামর্শ, অবৈধ দ্রব্যের অপব্যবহার থেকে মুক্তি, মানসিক স্বাস্থ্য সহায়তা, শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচী সহ বিভিন্ন ক্ষেত্রে পরিষেবা অফার করে থাকে।

যে সকল জনসাধারণের টাওয়ার হ্যামলেট বা সিটি অফ লন্ডনের সাথে স্থানীয় সংযোগ আছে এবং পথেঘাটে বা বিপজ্জনক বা অনিরাপদ আবাসনে থাকেন, আমরা তাঁদের সাথে কাজ করি। 'কাউকেই ফেরানো হয় না' আমরা এই নীতিতে কাজ করি, যার অর্থ যে কেউ আমাদের কাছে আসতে পারেন এবং, আপনি যদি আমাদের পরিষেবার উপযুক্ত না হন, তাহলে আমরা আপনাকে সহায়তা করার জন্য যথোপযুক্ত অন্য পরিষেবা প্রদানকারীর কাছে পাঠাবো। পথেঘাটে যারা ঘূমান তাঁদের জন্য আমাদের রিসোর্স সেন্টার সোমবার থেকে শুক্রবার সকাল ৯ টা

থেকে খোলে, এবং স্নান, সকালের নাস্তা, তথ্য প্রযুক্তি সম্পর্কতি সুবিধাগুলি এবং মোবাইল ফোন চার্জ করার জন্য জায়গা অফার করে থাকে। একবার এখনে এলে, আপনার মূল্যায়ন করা হবে এবং, যদি যথাযথ মনে হয়, উপদেষ্টা এবং সহায়তা টিমের থেকে একটি কি ওয়ার্কার দেওয়া হবে। আমরা প্রত্যেকে ব্যক্তিকে আলাদাভাবে মূল্যায়ন করি এবং একটি ব্যক্তিগত প্রয়োজনানুযায়ী পরিকল্পনা তৈরি করি। আবাসন, সুবিধাসমূহ

এবং স্বাস্থ্যসেবা সহ আপনি যে যে পরিষেবাগুলি পাওয়ার যোগ্য আমরা সেই পরিষেবাগুলিতে আপনাকে প্রবেশাধিকার দিয়ে সহায়তা করব। আমরা আপনাকে অন্য সংস্থাগুলির কাছেও পাঠাতে পারি যারা আপনাকে সহায়তা করলেও করতে পারে। যে সকল জনসাধারণ ইংল্যান্ডের ভিতরে বা বাইরে তাঁদের বংশোদ্ধৃত অঞ্চলে ফিরে যেতে সম্মত, টিমটি তাঁদের সাথেও কাজ করে।

প্রভিডেন্স রোতে উপলব্ধ অন্যান্য পরিষেবাগুলির মধ্যে অন্তর্ভুক্ত ক্যাটারিং এবং বেকারি প্রশিক্ষণ প্রকল্প, আমাদের কেন্দ্রের বহুবিধ ক্রিয়াকলাপগুলি (কলা, ইংরেজি শিক্ষা, তথ্য প্রযুক্তি শিক্ষা এবং আরও অনেক সহ) সেই সাথে মানসিক স্বাস্থ্য এবং ড্রাগ এবং অ্যালকোহল সহায়তা পরিষেবা সমূহ।

আমাদের সাথে কিভাবে যোগাযোগ রাখবেন তা এই প্রচারপত্রটির পিছনে দেখুন।

Bengali